দৈনিক আমাদের সময়

তারিখ 18 NOV 2017
পৃষ্ঠা ১২ কলাম ২

# স্কুলে ভর্তির আবেদন ফি বাড়ল ২০ টাকা

নিজস্ব প্রতিবেদক ●

২০১৮ সালে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তিতে আবেদন ফরমের দাম ২০ টাকা বাড়ানো হয়েছে। এবার দাম নির্ধারণ করা হয়েছে ১৭০ টাকা, যা গত বছর ছিল ১৫০ টাকা। শিক্ষা মন্ত্রণালয়ের ২০১১ সালের ৬ জুলাই জারি করা পরিপত্র অনুযায়ী সেশন চার্জসহ ভর্তি ফি সর্বোচ্চ আদায় করা যাবে।

সূত্র জানায়, এবারও প্রথম শ্রেণিতে ভর্তির জন্য লটারির ব্যবস্থা রাখা হয়েছে। দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণির শূন্য আসনে লিখিত পরীক্ষা নিয়ে মেধাক্রম অনুযায়ী শিক্ষার্থী বাছাই প্রক্রিয়া করতে হবে। নবম শ্রেণির এরপর পৃষ্ঠা ৯, কলাম ৬

## স্কুলে ভর্তির আবেদনফি বাড়ল ২০ টাকা

(শেষ পৃষ্ঠার পর) ক্ষেত্রে জেএসসি ও জেডিসি পরীক্ষার ভিত্তিতে সংশ্লিষ্ট বোর্ডের মেধাক্রম অনুসারে নিজ বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির পর অবশিষ্ট শূন্য আসনে অন্য বিদ্যালয়ের শিক্ষার্থী ভর্তি করানো যাবে। বিদ্যালয়গুলোর অবস্থান, শিক্ষার্থীদের সুবিধা-অসুবিধা বিবেচনা করে ভর্তি কমিটি বিদ্যালয়গুলোকে ক্লাস্টারে বিভক্ত করতে পারবে। আবেদনকারী একই প্রতিষ্ঠানে একাধিক আবেদনপত্র জমা দিলে তা বাতিল গণ্য হবে।

২০১৮ শিক্ষাবর্ষে মহানগরী, বিভাগীয় শহর ও জেলা সদরের সব সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির আবেদন, আবেদনের ফি গ্রহণ এবং ফল প্রক্রিয়াকরণের পর তা অনলাইনে প্রকাশ করতে হবে। উপজেলা সদরে অবস্থিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলো কেন্দ্রীয় অনলাইন পদ্ধতির মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করবে। তবে কোনো কারণে কার্যক্রম সম্পন্ন করা না হলে কেবল উপজেলার ক্ষেত্রে কমিটির সিদ্ধান্তক্রমে তা ম্যানুয়ালি করতে হবে।

মহানগর, বিভাগীয় শহর ও জেলা সদর ছাড়া অন্য সব বিদ্যালয়ের ক্ষেত্রে ভর্তির ফরম অফিসে পাওয়া যাবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, জেলা প্রশাসক বা সংশ্লিষ্ট বিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। ভর্তির আবেদন ফরম বিতরণ ও জমার জন্য বিজ্ঞপ্তিতে সুস্পষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকতে হবে। আবেদন ফরম বিতরণ ও জমার জন্য ন্যূনতম সাত দিন সময় দিতে হবে।

উল্লেখ্য, ঢাকা মহানগরীর সরকারি বিদ্যালয়সংলগ্ন ক্যাচমেন্ট এলাকার শিক্ষার্থীদের জন্য ৪০ শতাংশ কোটা সংরক্ষণ করতে হবে। অবশিষ্ট ৬০ শতাংশ আসন সবার জন্য উন্মুক্ত রেখে ভর্তি নীতিমালা জারি করে সরকার।